

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

নথি শাখাঃ মডস জোন-২

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), মডস জোন-২

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪০৫.০৭.০০৮.২৪ নথির বিষয়: ঢাকা ওয়াটার ওয়ার্কসের রিসিভিং চেম্বারের ম্যাক্সফ্লক-টি সিস্টেমের পাইপ ও ফিটিংস পরিবর্তন এবং ইলেকট্রিক ক্যাবল পরিবর্তনসহ আনুষঙ্গিক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: ঢাকা ওয়াটার ওয়ার্কসের রিসিভিং চেম্বারের ম্যাক্সফ্লক-টি সিস্টেমের পাইপ ও ফিটিংস পরিবর্তন এবং ইলেকট্রিক ক্যাবল পরিবর্তনসহ আনুষঙ্গিক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২১/৩/২৪ ৪:৫৮ অপরাহ্ন

সংযুক্ত ক্রমিক নং-০১ হতে ০৩ দয়া করে দেখা যেতে পারে। মডস জোন-২ এর আওতাধীন চাঁদনীঘাট পানি শোধনাগারের (ঢাকা ওয়াটার ওয়ার্কস) মাধ্যমে পানি পরিশোধন করে পুরাতন ঢাকাবসীদের সরবরাহ করা হচ্ছে। বুড়িগঙ্গা নদীর পানি পরিশোধন কাজে ঢাকা ওয়াটার ওয়ার্কসে বিভিন্ন প্রসেস কেমিক্যাল অর্থাৎ এলাম, লাইম, ব্লিচিং পাউডার, ক্লোরিন গ্যাস ও পলিমার (ম্যাক্স ফ্লোক-টি) ব্যবহার করা হচ্ছে। Maxfloc-T একটি Cationic Polymer। যা ব্যবহার করার কারণে পানিতে দ্রুত ফ্লোকুলেশন তৈরি করে ফ্লোক সেটেল্ড হতে সাহায্য করে। ঢাকা ওয়াটার ওয়ার্কসের রিসিভিং চেম্বারের পাশে বিদ্যমান ম্যাক্সফ্লক-টি সিস্টেমটি অনেক পুরাতন হওয়ায় ব্যবহার করতে অসুবিধা হচ্ছে। যার ফলে পানিতে Maxfloc-T বা Polyelectrolyte সঠিকভাবে মিশ্রণ হচ্ছে না। তাই উক্ত সিস্টেমের মটর, পাইপ ও ইলেকট্রিক ক্যাবল পরিবর্তনসহ আনুষঙ্গিক কাজ করা প্রয়োজন। উক্ত কাজটি করার জন্য বিভিন্ন ঠিকাদারী প্রতিষ্ঠানের মাধ্যমে কোটেশন সংগ্রহ করে সর্বনিম্ন দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। এতে মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে টা: ৪৯,০৮০.০০ (উনপঞ্চাশ হাজার আশি) টাকা মাত্র যা অনুমোদন দেয়া যেতে পারে। উক্ত ক্রয় কাজের খরচ মডস জোন-২ এর ২০২৩-২৪ অর্থ বছরের রাজস্ব বাজেট বরাদ্দের পানি ও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম) খাত হতে বাজেট ভুক্ত করা যেতে পারে। কাজটি চলতি অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার সিরিয়াল নং-১০৭, প্যাকেজ নং-ইউইউএস-১ থোক বরাদ্দ হতে নির্বাহ করা যেতে পারে।

সংযুক্তিসমূহ (৩):

১। মডস জোন-২ এর ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।

২। দরের স্বপক্ষে বিভিন্ন প্রতিষ্ঠান হতে সংগৃহীত কোটেশন।

৩। উপস্থাপিত প্রাক্কলন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২১/৩/২৪ ৫:০১ অপরাহ্ন

ঢাকা ওয়াটার ওয়ার্কসের রিসিভিং চেম্বারের ম্যাক্সফ্লক-টি সিস্টেমের পাইপ ও ফিটিংস পরিবর্তন এবং ইলেকট্রিক ক্যাবল পরিবর্তনসহ আনুষঙ্গিক কাজটি মেসার্স হক বিন্ডার্সকে নিয়োজিত করে পিপিআর ২০০৮ এর ৭৬(১)(ট) ধারায় সরাসরি ক্রয় পদ্ধতিতে করা যেতে পারে।

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ২১/৩/২৪ ৫:১০ অপরাহ্ন


এমতাবস্থায়, জরুরী বিবেচনায় ঢাকা ওয়াটার ওয়ার্কসের রিসিভিং চেম্বারের ম্যানুস্ক্রিপ্ট-টি সিস্টেমের পাইপ ও ফিটিংস পরিবর্তন এবং ইলেকট্রিক ক্যাবল পরিবর্তনসহ আনুষঙ্গিক কাজে উপস্থাপিত সর্বমোট টা: ৪৯,০৮০.০০(উনপঞ্চাশ হাজার আশি) টাকার প্রাক্কলনটি পিপিআর ২০০৮ এর ৭৬(১)(ট) বিধি অনুযায়ী সরাসরি চুক্তি প্রক্রিয়ায় মেসার্স হক বিল্ডার্স এর মাধ্যমে সম্পাদনের অনুমোদন দেয়া যেতে পারে। উল্লেখ্য আলোচ্য কাজের প্রাক্কলনের অনুমোদন প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাভূক্ত।



২১/৩/২৪ ৫:১০ অপরাহ্ন
মোঃ ওমর ফারুক
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-২



২১/৩/২৪ ৫:১৩ অপরাহ্ন
মোঃ ইলিয়াস হোসেন
সহকারী প্রকৌশলী
মডস জোন-২



২২/৩/২৪ ৭:৩১ অপরাহ্ন
মোহাম্মদ নজরুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-২



২২/৩/২৪ ৭:৫১ অপরাহ্ন
মোঃ আব্দুল মজিদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস সার্কেল-১

২২/৩/২৪ ৭:৫১ অপরাহ্ন

মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব)
প্রধান প্রকৌশলী (প্রিচলন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ২২/৩/২৪ ১০:৫৮ অপরাহ্ন


Okay



২২/৩/২৪ ১০:৫৮ অপরাহ্ন
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব)
প্রধান প্রকৌশলী (প্রিচলন ও
রক্ষণাবেক্ষণ)



২৩/৩/২৪ ৮:০১ অপরাহ্ন
মোঃ আব্দুল মজিদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস সার্কেল-১



২৩/৩/২৪ ১১:৪৩ অপরাহ্ন
মোহাম্মদ নজরুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-২

২৩/৩/২৪ ১১:৪৩ অপরাহ্ন
মোঃ ওমর ফারুক
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-২

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা